



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ফিমস বিভাগে ফিশ ল্যাব উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স (ফিমস) বিভাগে অত্যাধুনিক ফিশ ল্যাব উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার (০১ অক্টোবর ২০২৪) বিভাগে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এর উদ্বোধন করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

উদ্বোধনকালে প্রধান অতিথি হিসেবে সংক্ষিপ্ত বক্তৃতায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, ফিশ ল্যাবের সঙ্গে আপনারা যারা যুক্ত সকলের দীর্ঘদিনের পরিশ্রম বাস্তব রূপ পেয়েছে। আমি বিশ্বাস করি ছাত্র-শিক্ষক যারাই এই ল্যাবে কাজ করবেন তারা ভালো পাবলিকেশন করতে পারবেন। আমি আরও বিশ্বাস করি আমার স্টুডেন্টরা তাদের কোয়ালিফিকেশন, ডেডিকেশন এবং পারফরমেন্স দিয়ে তাদের অবস্থান তৈরী করবে। আমরা চেষ্টা করছি একাডেমিক ভবন-৩ এর কাজ শুরু করার জন্য এবং ফান্ডিং এর চেষ্টা করছি নিত্য নতুন ল্যাবরেটরি ইনস্ট্রুমেন্ট এর জন্য।

এসময় ফিমস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবদুল্লাহ-আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিকুর রহমান ভূঞা, নোবিপ্রবি রিসার্চ সেলের পরিচালক ও ফার্মেসী বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, ফিমস বিভাগের অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার। অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, উদ্বোধন শেষে মাননীয় উপাচার্য ল্যাব পরিদর্শন করেন। এসময় তিনি ল্যাবে স্থাপিত অত্যাধুনিক যন্ত্রপাতির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতের ওপর গুরুত্বারোপ করেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪